

আশুগঞ্জ সার কারখানা কলেজ

দ্বাদশ শ্রেণীর পরীক্ষা: ২০২১

বিষয়: ভূগোল ২য় পত্র

সময়: ২ ঘন্টা ১০ মিনিট

(সৃজনশীল প্রশ্ন)

পূর্ণমান: ৫০

১। ইরার বাড়ি ফরিদপুর। সে সিলেটে মামা বাড়ি বেড়াতে গেল। সেখানকার উৎপাদিত ফসলের সাথে সিলেটের ফসলের অনেক পার্থক্য রয়েছে। মামা বললেন কৃষিক্ষেত্রে নানাবিধ নিয়ামকের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব পরিলক্ষিত হয়।

- ক. মিশ্র কৃষি কাকে বলে? ১
খ. হাট ও বাজারের পার্থক্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মামার উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৩
ঘ. ইরার এলাকায় উৎপাদিত প্রধান অর্থকরী ফসলের বিবরণ দাও। ৪

২। ঘটনা-১: মধ্য প্রাচ্যের দেশ ফিলিস্তিনের গাজায় সম্প্রতি ইসরায়েল সেনা বাহিনীর হামলায় হাজার হাজার ফিলিস্তিনি প্রাণ বাঁচাতে পার্শ্ববর্তী মিশরে আশ্রয় নেয়।

ঘটনা-২: কিছুদিন পূর্বে প্রতিবেশী দেশ মিয়ানমারের জীবন রক্ষার্থে রোহিঙ্গা মুসলমানরা কক্সবাজারের উখিয়াতে আশ্রয় নেয়।

- ক. স্বাভাবিক জন্মহার কী? ১
খ. জনসংখ্যার ঘনত্ব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. আশ্রয়ে ফিলিস্তিনি এবং বাংলাদেশে আশ্রয়ে রোহিঙ্গাদের অভিগমন একই কিনা উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৩

ঘ. ফিলিস্তিনি এবং রোহিঙ্গাদের অভিগমন মিশর এবং বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্র কী পরিবর্তন আনতে হবে? বিশ্লেষণ কর। ৪

৩।



ক. বাংলাদেশে আবিষ্কৃত সর্বশেষ গ্যাসক্ষেত্রটির নাম কী?

খ. সৌদি আরবে পৃথিবীর অন্যতম তেলবলয় গড়ে উঠার কারণ ব্যাখ্যা কর। ২

গ. এই অঞ্চলটি শক্তি সম্পদের একটি সম্ভাবনাময় উৎস-
ব্যাখ্যা কর। ৩

ঘ. এই অঞ্চলটির সম্পদ শিল্পের কাঁচামাল হিসাবে এবং শিল্প কারখানার জ্বালানি হিসাবে কী ভূমিকা রাখে? বিশ্লেষণ কর। ৪

৪। ভূগোল শিক্ষক রোকন শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের আরও একবার বোঝাতে চেয়েছে জিআইএস ব্যবহারে

আজকাল তথ্য প্রযুক্তির মাধ্যমে গুরুত্বপূর্ণ সব উপাত্ত অতি সহজেই পাওয়া যায়।

- ক. জিআইএস কী? ১
খ. মানচিত্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে জিআইএস উপাত্ত কীভাবে ব্যবহার করা হয়? ৩
গ. জিআইএস এর দৃষ্টিভঙ্গি তোমার নিজের ভাষায় ব্যাখ্যা কর। ৪

৫। দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়ার অন্যতম প্রধান খাদ্যশস্য যা প্রধানত মৌসুমী অহুচলের ফসল। ২০১৭ সালের হিসাব অনুযায়ী ফসলটি যে দেশটিতে সবচেয়ে বেশি উৎপাদিত হয় সেই দেশটিই আবার সবচেয়ে বেশি আমদানি করে থাকে।

- ক. চায়ের আদিভূমি কোন দেশ? ১
খ. হুনান প্রদেশ কে পৃথিবীর চালের আঁধার বলা হয়-
ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ফসলটি উৎপাদনের প্রাকৃতিক নিয়ামক ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দেশটির ইঙ্গিতকৃত ফসলটি উৎপাদন ও আমদানিতে শীর্ষ হবার কারণ বিশ্লেষণ কর। ৪